



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২৫৪

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: www.bu.ac.bd



প্রেস-রিলিজ

তরণ প্রজন্মের মাঝে বঙ্গবন্ধুর আদর্শকে ছড়িয়ে দিতে হবে -ববি উপাচার্য

বরিশাল বিশ্ববিদ্যালয়, ৩০ আগস্ট ২০২১খ্রিঃ

বঙ্গবন্ধুর আদর্শকে মনেপ্রাণে ধারণ করতে হবে এবং তরণ প্রজন্মের মাঝে বঙ্গবন্ধুর আদর্শকে ছড়িয়ে দিতে হবে, আর তাহলেই বাংলাদেশ বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলায় পরিণত হবে। শোকাবহ আগস্ট উপলক্ষে বঙ্গবন্ধু হল, বরিশাল বিশ্ববিদ্যালয়ের আয়োজনে অনুষ্ঠিত ভার্চুয়াল আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে কথাগুলো বলেন ববি উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। বঙ্গবন্ধু হল, বরিশাল বিশ্ববিদ্যালয়ের প্রভোস্ট মোঃ আরিফ হোসেনের সভাপতিত্বে ভার্চুয়াল সভায় প্রধান আলোচক হিসেবে যুক্ত ছিলেন ৭১ টিভির প্রধান সম্পাদক ও ব্যবস্থাপনা পরিচালক মোজাম্মেল বাবু। এসময় আরও বক্তব্য রাখেন ববির সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ মহসিন উদ্দীন, বঙ্গবন্ধু হলের সাবেক প্রভোস্ট রাহাত হোসাইন ফয়সাল, শেরেবাংলা হলের প্রভোস্ট আবু জাফর মিয়া, প্রক্টর ড. মোঃ খোরশেদ আলম, গনিত বিভাগের সহকারি অধ্যাপক বিজন কৃষ্ণ সাহা এবং শিক্ষার্থীদের মধ্যে রাজিব হাওলাদার প্রমুখ। ভার্চুয়াল সভায় বিভিন্ন বিভাগের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীগণ সংযুক্ত ছিলেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস